সংবাদ।

তারিখ ২৩।২।৮৩

পৃষ্ঠা ৯ কলাম ৬

025

468

# উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র থানা পর্যায়ে ফিরিয়ে দেয়ার আবেদন

শিক্ষার প্রসারের স্বার্থে এবং শত শত পরীক্ষার্থীর আত্থিক তথা সার্বিক সুবিধার দিকে লক্ষ্য রেখেই প্রতি থানায় উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হয়েছিল। কিন্তু ইদানীং বিভিন্ন থানা থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রগুলো প্রত্যাহার করে মহকুমায় কেন্দ্রীভূত করার পেছনে সরকারের কি উদ্দেশ্য নিহিত বলা কঠিন। তবে আমরা সাধারণভাবে একথা বলতে পারি যে, পরীক্ষা কেন্দ্র প্রত্যাহারের ফলে শত শত পরীক্ষার্থীর জন্য একটা মারাত্মক অনিশ্চয়তা এবং আর্থিক অসুবিধার স,ষ্টি হবে, যা শিক্ষার প্রসারের ক্ষেত্রে সংকোচন দেখা দিবে।

তাই অনতিবিলম্বে সরকারের এই শিক্ষার সংকোচন নীতি পরিবর্তন করে থানায় থানায় পরীক্ষা কেন্দ্র ফিরিয়ে দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

দেওয়ান সৈয়দ কাইসার সজল।
বাজিতপুর মহাবিদ্যালয়,
বাজিতপুর, ময়মনসিংহ।